

Saule ein unge aufe millen

HWZ! INSANS

10

TRESERVENCE HEALTH

10456

বড়বাজার গার্হ্য সাহিত্য সমাজ।

অকুক্রমণিক। ।

সম্প্রতি অম্মদেশে আধুনিক মতান্তবর্তনে লোক সমাজের প্রবৃত্তি হেতুক রোগ, শোক, পরিতাপ ও অকাল মৃত্যু প্রভৃতি অনিষ্ট ঘটনার স্রোত নিরন্তর প্রবাহিত হওয়াতে অনেকে শারীরিক স্বান্থ্য পরিপালনে অক্ষম, কাহাকেও পুরুষায়ুঃ পরি-মিত শতবৎসরকাল জীবিত দেখিতে পাওয়া অক্টব্রিংশৎ অথবা চত্বারিংশৎ বৎসর অতীত না হইতেই রুগ্ন ও অকালে কালগ্রাদে পতিত হয়; কারণ শীতপ্রধান স্বাস্থ্যকর নিয়ম, উষ্ণ প্রধান | দেশবাদিগণের পক্ষে নিতান্ত অস্বাস্থ্যকর। এবস্বিধ অনিষ্টাপাতের প্রতি-বিধানে যত্নবান হওয়া অতীব কর্ত্তব্য বিবেচনায় আমি সভ্য-গণের মতানুসারে আয়ুর্কেদ-বিহিত উপায় অবলম্বন পূর্ব্বক পূর্বতন আর্য্যগণ কি রূপে স্বস্থ ও সবল থাকিতেন, এতদ্বিষয়ে যাঁহারা স্থবিস্তীর্ণ প্রবন্ধ রচনা করিতে পারিবেন, তাঁহারা উৎ-কর্ষের তারতম্যানুসারে পঞ্চবিংশতি, পঞ্চদশ, এবং দশ-রোপ্য মুদ্রা পারিতোষিক প্রাপ্ত হইবেন, এবম্বিধ বিজ্ঞাপন-পত্র মহানগরী কলিকাতা ও অন্যান্য গ্রামে প্রেরণ এবং সর্ব্ব সাধারণের গোচরার্থ কতিপয় সংবাদ পত্তে বিজ্ঞাপন কীর। তাহাতে কয়েক স্থান হইতে কতিপয় প্রবন্ধ প্রাপ্ত হওয়া যায়ী

তশ্বধ্যে সভ্যগণ উৎকৃষ্ট বোধে ছয়থানি মনোনীত করেন। পরে সন ১২৮১ সাল ১লা ফাব্তুন শুক্রবার, ইং ১৮৭৫ থৃফীব্দের >২ই ফেব্রুয়ারি তারিথে উক্ত সভার অক্টাদশ বার্ষিক অধিবেশন দিবদে মহামান্যবর শ্রীল শ্রীযুক্ত দ্যার রিচার্ড টেম্পুল্ কে, দি, এদ, আই, বাঙ্গালার লেপ্টনান্ট গবর্ণর বাহাত্বর দ্বারা তৎ-প্রণেতৃগণকে পুরস্কার ও প্রশংসা পত্র দেওয়া হয়। যথা প্রথম ফরিদপুর অন্তর্গত কাশিয়ানী নিবাদী কবিরাজ কৈলাসচন্দ্ৰ সেন পঞ্চবিংশতি, দ্বিতীয় বাগাণ্ডা 🖎 যুক্ত কুষ্ণধন বন্দ্যোপাধ্যায় পঞ্চদশ, তৃতীয় শান্তিপূর নিবাসী কবিরাজ শ্রীযুক্ত কালিদাস সেন দশমুদ্রা ও প্রশংসাপত্র এবং · অপর তিন ব্যক্তি, যথা শ্রীযুক্ত হরিমোহন চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত পণ্ডিতবর উপেক্রমোহন গোস্বামী, এবং শ্রীযুক্ত রোহিণী নন্দন দাস বাবাজী প্রত্যভিজ্ঞান পত্র প্রাপ্ত হন। এক্ষণে সভ্যগণ দার। জন সমাজের গোচরার্থ প্রথমটি অবিকল ও অন্যান্য প্রবন্ধের সারাংশ সঙ্কলন পূর্নবক উহাতে সংস্থাপন করত এক খানি ক্ষুদ্র পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইল। পরিশেষে, সহদয় ব্যক্তিগণসমীপে আমার নিবেদন এই যে, আপনার। মনোযোগপূর্ব্বক এই পুস্তক থানি পাঠ করিয়া যদি কথন শারীরিক স্বাস্থ্য স্থখলাভ করেন, তাহা হইলে শ্রম সফল বোধ করিব; কিমধিকমিতি। ৮০ নং ক্রদ ষ্ট্রীট্ বড়বাজার। खावन ১२৮२ मान।

অপ্রাদ দাস মলিক।
 অবৈতনিক সম্পাদৃক
বড়বাজার গার্হস্থা সাহিত্য সমাজু।

প্রথম প্রবন্ধ।

হুর্য্যোদয়ের পূর্ম্ব মুহূর্ত্তে শয়া হইতে গাত্রোঞ্চান পূর্মক কিঞ্চিৎ কাল স্থাখে উপবেশন করিয়া মনেমনে তদ্দিনের কর্ত্তব্য ধর্মানুষ্ঠানাদি निकार कतिरा निकाकना भारीतिक व्यवमञ्चा विवृतिक इरेल, বাদ পৃত্তের কিঞ্চিৎ ভূরে মল মূত্র পরিতাগে করিয়া মৃত্তিকা দারা হস্ত ও পদ মার্জ্বন ও পবিত্রজ্বলে প্রকালন করিবে। কিন্তু অধিক वलभूर्कक कूछन बाता गल जाग कतिरव ना, जाहा हहेटल अखुतृह्वापि রোগ জন্মে। পরে পূর্ব্ব অথবা উত্তরাভিমুখে উপবিষ্ট হইয়া করবী. আড়ে, করঞ্জ, বকুল, থদির, কষায়, কটু ভিক্ত রস বিশিউ কিম্বা কণ্টকযুক্ত কোন প্রকার ব্লকের মৃত্ব শাখা দারা (যাহাতে দন্তমূলস্থ মাংস আহত না হয়,) এই প্রকারে দন্ত-ধাবন (মাৰ্জ্জন) পূৰ্ব্যক অৰ্ণ, ভাজ কিম্বা লোহময় মৃহ মসুণ দশ অঙ্গুলি দীর্ঘ জিহ্বা-নির্লেখন (জিবছোলা) দারা জিহ্বা-পরিক্লার করিয়া মুখ প্রকালন করিবে। মুখ জলপূর্ণ করিয়া নেত্রযুগলে জলদেক করিলে দর্শনশক্তি বৃদ্ধি পায়। তাল, হিম্তাল (হেঁতাল) তাড়ী (ভাড়িয়াত) কৈভকী (কেওয়া) গুবাক, খেজুর এবং নারিকেল বুকের শাখা দারা দম্ভ ধাবন করিবে না। বমি, খাদ, কাদ, নবজুব, অজীর্ণ, অর্দ্ধিত, পিপাসা, মুখপাক, শিরোরোগ, হুদ্রোগ এবং নেত্র-রোগগ্রন্ত ব্যক্তিগণ কাষ্ঠ দারা দন্ত মার্চ্ছন করিবে না।

মুখু প্রকালনের পর রাত্তি পরিহিত বস্তু ত্যাণ করিয়া পরিষ্ঠ

ধেতিবক্স পরিধান পূর্ব্বক মস্তকে ক্লঞ্চবর্ণ ভিন্ন অন্য কোন বর্ণের পরিক্ষ্ত বস্ত্র ভারা লঘু উফীষ (পাগড়ি) ধারণ করিবে।

ব্যায়াম। স্থত প্রভৃতি স্থিম দ্রব্য ভোজনশীল বলবান্ ব্যক্তিগণ প্রতিদিন নিয়মিত রূপে ব্যায়াম করিবে। ললাট, নাসিকা, ক্ষম্ব-দেশ এবং সন্ধিন্থানে ঘর্ম দৃষ্ট হইলে, ব্যায়াম হইতে নিবৃত্ত হইয়া হক্ত দ্বারা সর্ব্য শরীর অম্প অম্প মর্দ্ধন করিতে হইবে। পরে কিঞ্চিৎ কাল বিশ্রাম করিয়া ব্যায়াম জনিত প্রান্তি দূর হইলে অন্য কার্য্যে প্রবৃত্ত হইবে। শীত ও বসম্ভ কালে এইরূপ ব্যায়াম নির্দিট হইল, অন্য ঋতুতে ইহা অপেক্ষা অম্প ব্যায়াম করিবে।

প্রতিদিন নিয়মিত রূপে ব্যায়াম করিলে শরীর দৃঢ়, কর্মকম ও ক্লেশ সহিষ্ণু হয়; অমি বৃদ্ধি পায় এবং প্রবৃদ্ধ মেদোধাতু কয় হয়। ব্যায়ামশীল ব্যক্তি সহসা কোন উৎকটরোগগ্রস্ত অথবা জরা দারা আক্রান্ত হয় না। শক্রগণ বলপূর্বক ব্যায়ামকারী পুক্ষকে আক্রমণ করিতে পারে না, এবং বিৰুদ্ধ দ্রব্য আহার করিলেও ব্যায়াম দ্বারা প্রবৃদ্ধ জঠরামি ভাহা উত্তম রূপে পাক করে। অভিরিক্ত ব্যায়াম করিলে জয়, কাম, পিপাসা, ধাতুক্ষয় প্রভৃতি নানাবিষ উৎকট রোগ উৎপন্ন হইয়া প্রাণ সংহার করে। বালক, বৃদ্ধ এবং অজীর্ণ ও পিত্তজন্য রোগী ব্যায়াম করিবে না।

তৈল মর্দ্দন। মস্তকে যে তৈল দিবে, সেই তৈল গড়াইয়া বাহু
পর্যান্ত আসিলে ঐ তৈল উভমরণে মর্দ্দন করিয়া শুক্ষ করিবে।
অন্যান্য অক্ষেও উপযুক্ত পরিমাণে তৈল দিয়া শুক্ষ হওয়া পর্যান্ত
মর্দ্দন করিতে হইবে। কিন্তু পাদমূলে অপেকা ক্ষত অধিক পরিমাণে
তৈল দেওয়া কর্তব্য। এই প্রকার তৈল মর্দ্দনের নাম অভ্যক্ষ; এই
অভ্যক্ষ বেলা এক প্রহরের পরে করিতে হইবে, এবং অভ্যক্ষর
প্রশান না করিয়া কোন কার্য্যে প্রবৃত্ত হইবে না। কক প্রধান
/লরীরী, অজীর্ণরোগগুন্ত ও সূত্রজ্বরাক্রান্তব্যক্তি অভ্যক্ষ করিবে না;

এবং বমন বিরেচনাদি পঞ্চবিধ সংশোধনের মধ্যে কোন সংশোধন ক্রিয়া করিলে সেই দিবস তৈলমন্দ্রন করা বিধেয় নহে। প্রতিদিন নিয়-মিত রূপে তৈল মর্দ্রন করিলে শরীর পুই, দৃঢ় এবং কর্মক্ষম ও চর্ম্ম-পরিক্ষ্ হয়; আয়ুঃ দর্শনশক্তি, অগ্নি ও বল রিদ্ধি পার, উত্তম নিদ্রা জন্মে এবং কথনও জরা উপস্থিত হয় না। পাদাভাঙ্গ চক্ষুর হিতকারক, উত্তম নিদ্রাজনক এবং পাদরোগ বিনাশক।

সানবিধি। তৈলাভ্যঙ্গের পরে পরিজ্ঞাত নদী, বিল, দীর্ঘিকা, পুক্রিণী প্রভৃতির অন্যতম জলাশয়ে, নাভিপর্যান্ত জলে নামিয়া জ্যোতস্থান্ জলাশয় হইলে যে দিক্ হইতে জ্যোত আইলে সেই মুখে দণ্ডার্মান হইয়া প্রথম কণ্ঠদেশ পর্যান্ত নিমক্তিত করিয়া উত্তরীয় বস্ত্র (গাত্রমার্জকনী) ছারা সর্ব্ব শরীর উত্তম রূপে মার্জনে পূর্বাক হল্ত ছারা মুখ ও নাসিকা আচ্ছোদন করত তিন কি চারিবার ভূব দিবে, পরে জল হইতে উঠিয়া জল রহিত গাত্রমার্জনী ছারা সর্ব্ব শরীর মার্জনানস্তর আদ্রবিদ্ধ পরিত্যাগ করিবে। জীর্ণ বস্তা, বহু বস্ত্র কিছা এক বস্ত্র হারণ করিয়া ও অলক্ষ্ ভ হইয়া স্মান করা বিধেয় নহে। যে জলাশয়ের পরপার দৃষ্ট হয় না এমত জলাশয়, অত্যন্ত গভীর জলাশয় এবং নাভিপর্যান্তের সুন জলবিশিষ্ট জলাশয়ে, ছারসমীপে ও চত্বরে স্থান করিবে না। এক বার স্থান করিয়া পুনর্বার স্থান করিলে তেজঃকয় এবং আছারান্তে স্থান করিলে আয়ুঃকয় হয়।

সানের গুণ। সান করার পূর্বে শরীরোত্মা সর্ব শরীরে বিজ্ঞ থাকে, স্থান করিলে ঐ শরীরোত্মা একত্রিভ হইয়া জঠরাগ্রিকে প্রদীপ্ত করে। স্থান শরীরের পরিক্রডা এবং কেশের খনতা ও ক্ষতা কারক, শরীর পুর্ফ্তিকর, ও আয়ু বর্দ্ধক এবং শ্রেম ঘর্ম ও শরীরের মলবিনাশক। উষ্ণ জল দ্বারা গলদেশপর্যাপ্ত অধ্যক্ষায়ের সেক করিলে বল বৃদ্ধি পায়, কিন্তু মস্তকে উষ্ণজলদেক চক্ষ্ক ও কেশের অপকারক।, শরীরের শহরে শহরে মার্ক্তন করিলে শ্রীরের

গুৰুতা হুৰ্গস্কা, কণ্ডূ, কচ্ছু, ষৰ্ম্ম, অৰুচি এবং বীভৎসভা (বিজ্ঞীভাৰ) বিনফ হয়।

স্থাননিবেষ। জুর, অতিসার, অজীর্ন, উদরাগ্মান, ক্ষরেরাগ, পীনস (শর্দি) চক্ষুরোগ, কর্নরোগ ও মুখরোগ পীড়িত ব্যক্তিগণের স্থান করা অকর্ত্তব্য। এবং ব্যন বিরেচন প্রভৃতি কোন প্রকার শরীর সংশোষক কর্মা করিলে সেই দিন স্থান করিবে না।

গমনবিধি। উত্তম পরিচ্ছদ, চর্ম্মপাত্রকা, দণ্ড এবং ছত্র ধারণ পূর্ব্বক প্রতিদিন নিয়মিত রূপে (যাহাতে শরীর অত্যন্ত ক্রিফ না হয়) পথ পর্য্যটন করিলে আয়ু, বল, মেধা এবং অগ্নি রৃদ্ধি পায় ও ইন্দ্রিষ-গণ প্রসন্ন হয়। অতিরিক্ত পথ পর্য্যটন করিলে ক্ষয় প্রভৃতি নানা-প্রকার উৎকট মারাত্মক রোগ উৎপন্ন হইরা শরীর ধ্বংস করে এবং একে বারে গমন পরিত্যাগ করিলে এন্থি বাত প্রভৃতি নানাবিধ রোগ দ্বারা আক্রান্ত হইরা শরীর অকর্মণ্য হইরা যায়। এ নিমিন্ত স্থত্থ-শরীর ব্যক্তির পক্ষে প্রতিদিন নিয়মিত পথপর্য্যটন অবশ্য কর্ত্ব্য। বৃদ্ধি, ঝঞ্জাবাত, শিশির কিম্বা অত্যন্তরোক্তের সময় অথবা বায়ুর প্রতিকূল দিকে গমন করা অকর্ত্ব্য।

আহার বিধি। দিনে একবার এবং রাত্তিতে একবার আহার করা করিবা, দিবা ও রাত্তি উভরেরই প্রথম প্রহরে আহার করিলে রস উৎপন্ন হয়, এবং দ্বিভীয় প্রহর অতিবাহিত হইলে বলহানি হয়, অভএব প্রথম প্রহরে আহার করিবে না এবং দিতীয় প্রহর অতিক্রম করিবে না। রস, পিত্ত কফ, ও মল মূত্রের যথোচিত পরিপাক হইলে কুষা হয়। মলাদির উপযুক্ত বেগ ও যথোচিত নিঃসরণ, শারীরের লযুতা ও উৎসাহ এবং বিশুদ্ধ উদ্গার উত্থিত হইয়া এককালীন কুষা ও পিপাসা উপস্থিত হইলে, সেই সময়েই আহার করিবে, ইহাতে পূর্ব্ব ক্ষিত সময়ের অপেকা করিতে হইবে না, এবা এই সকল লক্ষণ প্রকাশ না পাইলে কেবল সময়ের

আনুরোধে আহার করিবে না। ভোজনের পূর্বের সৈদ্ধাননার ও আদা একত্তিত করিয়া চর্বেন করিয়া খাইবে, ইহাতে জিহ্বা ও কণ্ঠদেশ পরিষ্কৃত হইয়া আহারে কচি ও অগ্নি রন্ধি হইবে। যথা কালে নির্জন পবিত্র স্থানে পূর্ববিদ্যা দক্ষিণাস্থা (পিতৃ বর্ত্তমানে দক্ষিণাস্থা হইয়া আহার করা ধর্ম শাস্ত্র বিৰুদ্ধ) কিয়া পশ্চিমাস্থ্যে উপবেশন পূর্বেক অনন্যনা হইয়া সন্তোবের সহিত্ত মনোজ মুখপ্রিয় হিত্তর অভ্যন্ত অন্নাদি আহার করিবে।

আহারের প্রথমে মধুর, মধ্যে অমু ও লবণ, অস্তে কটু ভিক্ত ও কষার দ্রব্য খাইবে। সেই মধুর দ্রব্যের মধ্যে যে দ্রব্য স্তযুক্ত অথবা মূত্রপক্ষ এবং অপেক্ষাক্ষত কঠিন তাহা অত্যে, মূহ্ দ্রব্য মধ্যে ও দ্ব-দ্রব্য অন্তে আহার করা বিষয়ে। কোন কোন আয়ুর্কেদবিৎ পণ্ডিত বলেন, সর্বপ্রথমে ভিক্ত ও লবণ, মধ্যেকটু ও কষায় তৎপরে অমু মধুর দ্রব্য আহার করিয়া ভোজন সমাপন করিবে। এই ছুই প্রকার আহারপ্রণালীর মধ্যে যাহার বেরূপ অভ্যাস থাকে সে সেই নিয়মে আছার করিবে। কিন্তু জ্গ্ধ ভোজনাবসানেই পান করা উচিত। ষদি কাহারও বর্ণিত দ্বিংগিষ প্রশালীর অন্যরূপ আহারের অভ্যাস থাকে, ভবে ক্রমে ক্রমে পরিবর্ত্তন করিয়া যথাবিধি নিয়মে পরিণত করিতে হইবে। আহারীয় দ্রব্য বিবেচনা করিয়া অধিক স্থাত্ন দ্রব্য উত্তরোত্তর আহার করিবে। যেদ্রব্য আহার করিলে পুনঃ পুনঃ ভৎপ্রতি ম্পৃহা জন্মে ভাহার নাম স্বাত্ত দ্রব্য। পিউক, ৰুটী প্রভৃতি গুরুপাক দ্রব্য, আহারের পরে ধাইবে না, কুষার সময়ে অথবা আছারের প্রথমেও অধিক মাত্রায় খাওয়া অনু-চিত। গুৰু-পাক দ্ৰব্য অৰ্দ্ধ মাত্ৰায়, লঘুপাক দ্ৰব্য পূৰ্ণ মাত্ৰায় ভৃপ্তি-মত আহার করিবে। উদরের চারি ভাগের ছুইভাগ আহারীয় দ্রুব্য ছারা তৃতীয়ভাগ জল দারা পূরণ করিবে। বায়ু গমনাগমনের নিমিত্ত চতুর্গভাগ শ্ন্য রাখিতে হইবে। অত্যন্ত উঞ্জন্ন বলহানিকর

শুক মর অত্যন্তর্কর, ক্লিয়(মাড্যুক্ত)অয় শরীরের প্লানি উৎ-পাদন করে। অভএব ঈষরুঞ, অক্লিম্ন অবচ অশুক হিতকর অন্ন আছার করিবে, অভিদ্রুভ আছার করিলে দ্রব্যের গুণ দোষ অনুভূত হয় না এবং আছারবেশে বায়ু বিপথগামী হইয়া বমি প্রভৃতি রোগ উৎপাদন করিতে পারে। অতি ধীরে ধীরে আছার করিলে অন্ন শীঙল হইয়। অহুদ্য হয়, এ নিমিত্ত অভিক্রত ও অভি ধীরে আহার উভয়ই ভ্যাগ করা বিধেয়। আহারের অব্যবহিত পুর্বের জল পান করিলে অগ্নিমান্দ্য ও শরীর ফুশ হয়, আহারাত্তে জল পান করিলে যেদ ও কফ রুদ্ধি পায়। অধিক জল পান করিলে - অল্ল উত্তম রূপ পরিপাক হয় না, একেবারে পান না করিলেও সমাকু পাকের ব্যাঘাত জন্মে। প্রথমতঃ জিহ্বার রসে অন্ন সিক্ত ছইয়া বর্ষোচিত পুস্থাত্ন বোধ হয়, কিঞিৎ আহার করিলে আর রসনাম্ন ভত্তরস থাকে না অতএব উত্তম পরিপাক এবং রসনা সরস রাধিবার নিমিত্ত আহার সময়ে মধ্যে মধ্যে অম্প অম্প পরিমাণে জল পান করা কর্ত্ব্য; কিন্তু কটা ও চিপিটক প্রভৃতি গুৰুপাক শুক দ্রব্য আহার করিতে হইলে, আহার সময়ে এবং আহারের অব্যবহিত পরে কল পান করিতে হইবে। পিপাসার্ভ ব্যক্তি জল পান না করিয়া আছার করিলে গুল্ম রোগ এবং ক্ষুধিত ব্যক্তি আছার না করিয়া জল পান করিলে জলোদর রোগ উৎপন্ন হয়। অত্যন্ত পরিশ্রান্ত অধবা রৌক্রাদির উত্তাপে উত্তপ্ত হইয়া বিশ্রাম না করিয়া জল পান, জলে অবগাহন অথবা আহার করিবে না ৷

ভোজনান্তর বিধি। আহারান্তে উত্তমরূপে (বাছাতে আহারীয় দ্রব্যের কণামুখে বা দম্ভমধ্যে সংলগ্ন না থাকে) মুখ প্রকালন করিয়া ধীরে ধীরে এক শত পদ গমন পূর্ব্বক স্থাসনে বাম পার্শ্বে ভর দিয়া উপবে-শন কম্মি ভুক্তমাত্র সঞ্জাতশ্রেম্ম নাশের নিমিত্ত অগুক্ত প্রভৃতি সুগন্ধি কক্ষ নাশক দ্বেরের ধূম পান করিবে পরে গুবাক, কপুর, কন্তুরী, দবক্ষ এবং জায়কল প্রভৃতি মদলা দিয়া পান খাইবে। অথবা মুখের জড়তা নিবারক সুগন্ধি, কটু, কিয়া কবার কলের সহিত পান খাইবে; এবং সুমধুর শব্দ প্রবণ, সুখম্পর্শ দ্রেরে কপর্শ, সুগন্ধি পুজের গন্ধ গ্রহণ, ও স্থদ্পার রূপ দর্শন করিবে। ভোজন জন্য অল্যতা বিদ্রিত না হইলে, কোন প্রকার পরিশ্রম, প্রপর্যটন, উচ্চশব্দ, বা গুরু চিন্তা, কিয়া শোক করিবে না।

নিজাবিধি। বেমন নিভাজান উদিত হইয়া যোগিপুৰুষকে সিদ্ধিযুক্ত করে, সেই প্রকার যথাকালে উপযুক্ত রূপে নিদেবিত নিজা মুম্যকে সুখ ও আয়ুমূক করে, কিন্তু সেই নিদ্রা অকালে অথবা অধিক দেবিত কিম্বা অদেবিত হইলে কালরাত্রির (মৃত্যু) ন্যায় মনুষ্যের সুথ ও আয়ুঃ ধ্বংস করে। এনিমিত্ত অকালে নিসেবিত নিদ্রার দোষ, ও কালে অসেবিত হইলে যে যে অনিষ্ট উৎপন্ন হয়, এবং নিদ্রা-কালের পরিমাণাদি বিস্তার পূর্বক বর্ণন করা যাইতেছে। দিবা-নিক্রা বায়ু ও পিত্তের প্রকোপ জন্মায়, এবং কদ ও মেদ বৃদ্ধি করে। ঐ প্রভূষ্ট বায়ু পিত্ত, এবং প্রায়দ্ধকক, কাদ, খাদ, প্রতিশ্যায়, (শর্দ্দি) মস্তকের গুৰুতা, অঙ্গদর্দ, অকচি, জ্বর ও অগ্নিমান্দ্য রোগ উৎপাদন করে, এবং মেদ ধাতুর রদ্ধি হেতুক সর্ব্বশরীর, বিশেষতঃ উদর অভিশয় স্থুল হইয়া মনুষ্ঠকে শারীরিক পরিপ্রথমে অক্ষ ও অভ্যস্ত व्यलम करतः, धे चुल्छा क्राय दक्षि भारेशा कारल समरतान क्राभ পরিণত হয়। রাত্রি জাগরণে বায়ু পিত প্রবৃদ্ধ হইয়া উক্ত খাদ কাস প্রভৃতি রোগ উৎপাদন করে; অতএব দিবানিজা ও রাত্তি জাগরণ উভয়ই যত্ন পূর্বক ত্যাগ করিবে। গ্রাম্ম কালে দিন-মানের অত্যম্ভ দীর্ঘতা এবং হুর্য কিরণের অত্যম্ভ প্রধারতা ছেতুক আহারের অন্যুন এক দণ্ড পরে এক মৃত্ত্তি কাল (অর্থাৎ ইংরাজি তিন কোয়ার্চার) দিবা নিজা বিধেয়। বাহাদিলের দিবানিত। বা त्राजिकागत्रम ज्यास कारम काकाल इस्त्राटक, कारामितात निवानिका

ও রাত্রিজ্ঞাগরণ কিছুই দোষজনক হর না ্ব- কিন্তু ভাহাদিগেরও প্র বিফল্প অভ্যান পরিবর্ত্তন করিয়া যথানিয়মে পরিণত করা অভি কর্ত্তরা। বৃদ্ধ, অভিরিক্ত জ্বীদংসর্গবশতঃ রুশ, উরঃক্ষভরোগে ক্ষীণ, প্রতিদিন মদ্যপানশীল এবং গাড়া, পালকি প্রভৃতি যান, কিম্বা অর্থ, হল্তি প্রভৃতি বাহন আরোহণে ক্লান্ত, এবং পথ পর্যাটনে অথবা অভিরিক্তপরিশ্রামে প্রান্ত ব্যক্তিও বালকের এক মূহুর্ত্তকাল দিবা নিদ্রা বিধের। যাহাদিগের মেদ, যর্ম্ম, কক, রস, কিম্বা রক্ত ক্ষীণ হইরাছে, অথবা অজীর্ণরোগ আছে, ভাহাদিগেরও এক মূহুর্ত্ত দিবানিদ্রা উচিত এবং রাত্রি জ্ঞাগরণ করিলে, জ্ঞাগরণ কালের অর্দ্ধ কাল দিবা নিদ্রা কর্ত্তব্য ।

নিদ্রাকালের পরিমাণ। স্কুস্থ্শরীরী ব্যক্তি দিবা রাত্তির মধ্যে বিংশতি দণ্ড কাল, এবং যাহাদিণের দিবা নিদ্রা অভ্যস্ত হইয়াছে ভাহার কাল যোগ করিয়া বিংশতিদণ্ড স্থির রাখিতে হইবে। অপার বাহাদিণের দিবা নিদ্রা বিহিত হইরাছে, ভাহাদিণের দিবা নিদ্রার সময় উক্ত বিংশতি দণ্ড হইতে বাদ দিতে হইবে না।

নিজার ক্রম। আহারের অন্যুন এক দণ্ড পরে উত্তম পরিক্ত শ্ব্যায় পরিমাণ মত উচ্চ বালিশে মন্তক রাখিয়। শ্বন করিবে। আটবার নিংশ্বাস বহিগত হওয়া পর্যান্ত চিত হইয়া থাকিবে, পরে দক্ষিণ পার্শ্বে শ্বন করিবে, বোড়শ বার নিংশ্বাস বহিগত হইলে বামপার্শ্বে শ্বান করিবে, বিজেশ বার নিংশ্বাস বহিগত হওয়া পর্যান্ত বাম পার্শ্বে থাকিতে হইবে। পরে বাহার যে প্রকারে স্থ্য বোর হয় সেই রূপ শ্বন করিয়া নিজিত হইকে। প্রাণিগণের নাভির উর্দ্ধে বাম পার্শ্বে জঠরায়ি অবস্থিত, তাহার উপরিভাগে আমাশ্বয়; ভুক্ত দ্রব্য বায়ু কর্তৃক আমাশয়ে নীত হইয়া জঠরায়ি কর্তৃক পাচিত হয় ৷ বামপার্শে শ্বন করিলে জঠরায়ি ও আমাশয় সমস্ত্র অধ্তর্দ্ধি ভাবি থাকে, এ নিমিত ভুক্ত দ্বন্য সত্তর পরিপাচিত হয়, অন্য প্রকারে শারন করিলে সেরপ সমন্ত্র উদ্ধ্র অধ্যোজাবের ব্যাঘাত জন্ম এ জন্য অপেকারত বিলম্বে পাক হয় : অতএব আহারের পর ভুক্ত দেব্য পাক হওয়া পর্যান্ত বামপার্শ্বে শারন করা কর্ত্তব্য । নিদ্রার গুণ । যথাবিধি নিদ্রানেবা মনুষ্যের বায়ু, পিতু, কফ তিন দোষ প্রকৃতিস্থ থাকে, এবং অগ্নি সমভাবে থাকিয়া যথাকালে ভুক্ত দেব্যের সম্যক্ পাক করে এবং ভাহার শরীর অনভিস্কৃল ও অরুশ রোগ-শ্ন্য, বল, বর্ণ, ভেঙ্কঃ-ও কান্তি যুক্ত হইয়া এক শত বৎস্ত্রের অধিক কাল স্থারি হয় এবং মনও সর্বাদা প্রাস্ক থাকে ।

শরনের দিক নির্ণয়। পশ্চিম শিররে শরন করিলে, মনে অভ্যন্ত চিন্তা উপস্থিত এবং উত্তর-শিরা হইরা শরন করিলে আয়ুংক্র হয়, অতএব পশ্চিম বা উত্তর শিররে শরন না করিয়া পূর্ব অধবা দক্ষিণ শিরা হইয়া শয়ন করা কর্ত্ব্য।

শ্যানির্ণয়। গৃহের মধ্যে শুক্ষ ভূমিতে শ্যায় শয়ন করিলে বায়ু ও পিত্ত বিনই হয়, এবং ভেজ ও শুক্র বৃদ্ধি পায়। খাট ও তক্তাপোষ উভয়ই বায়ু বর্দ্ধক, তমধ্যে খাট অপেক্ষা তক্তাপোষ অধিক কক্ষ। শরীরের অবস্থা বিবেচনা করিয়া অর্থাৎ বায়ু বা পিত্ত প্রধানশরীর হইলে তক্তাপোষ কিম্বা খাটে শয়ন করিবে! আর্দ্রভূমিতে শয়ন করা কাহারও উচিত নয়। পলাশ, কদম্ব, শিমূল, মাদার, বাঁশ, বক, বটবৃক্ষ, বিদ্ধা বক্তামি দয়া বা জলসিক্ত কুক্ষ অর্থবা নানাবিধ কাঠ দ্বারা নির্দ্ধিত খটাদিতে শয়ন বা উপবেশন বিধেয় নহে। ধর্ম উদ্দেশে ব্যতীত কুশশ্ব্যায় অথবা কট (দড়মা) শ্যায় শয়ন করা অকর্ত্তব্য। ভগ্ন কিংবা দলিগ্ধ খট্বাদি ত্যাগ করিবে। কীটমুক্ত অপবিত্ত মলিন, আক্র্ণাদন ও উপাধান (বালিশ) রহিত অপরিক্তাতে অথবা জীর্ণ শ্যায় শয়ন করা অর্ণাদেন ও উপাধান (বালিশ) রহিত অপরিক্তাতে অথবা জীর্ণ শ্যায় শয়ন করা অন্তর্গি শ্যায় শয়ন করা মান্বিদ্ধা আর্দ্ধি বালিশ, আর্দ্ধিন বাজি পাদে, আর্দ্ধিরে, মুক্তকেশে এবং উলক্ষ, বা অশুটি হইয়া শয়ন, এবং এক শ্যায় য়ই জনের অধিক শয়ন করিবে নিষ্কৃ।

শরনস্থান নির্বর। শূন্য গৃহ, বছজনপরিবৃত্ত গৃহ, দেবালয়,
অপবিত্র গৃহ, ধান্য-গৃহ এবং যে গৃহে সর্প কিংবা কোন উপদেবতার তয় আছে এমত গৃহ এবং চতুর্দ্দিক্ জলম্বারা বেইতি গৃহে ও
শ্রাশান, বৃক্ষমূল এবং শর্করা (খাপরা) লোম্র (টীল) ধূলি ও পত্রসঙ্কল স্থানে এবং জনাবৃত স্থানে বৃক্ষের উপরে ও গৃহের দ্বারদেশে
শয়ন করিবে না।

জল। প্রাণিগণের প্রয়োজনীয় যত রকম দ্রব্য আছে, তন্মধ্যে জলই জীবন রক্ষার প্রধান উপায়, এই নিমিত্ত আর্য্যবংশীয় প্রাচীন পশ্তিতগণ জলকে জীবন বলিয়া উল্লেখ কয়িয়া গিয়াছেন। কিন্তু ঐ জল উপযুক্ত রূপে ব্যবহৃত না হইলে, কিম্বা দূষিত জল ব্যবহৃত ছইলে, শরীরের উপকার হওয়া দ্রে থাকুক নানা প্রকার রোগ উৎপাদন করিয়া জীবন বিনাশ করে। অতএব সকল ব্যক্তিরই জলের দোষ গুণ, দোষ নাশের উপায় এবং ব্যবহার প্রাণালী জ্ঞাত হওয়া অতি আবশ্যক, এ নিমিত্ত আয়ুর্কেদের মর্মানুসারে জলের माय खन, माय नात्मत छेशात, अ वादकात अंशानी वर्गन कता बाह-তেছে। স্থান ও ভোজনে যে প্রকার ব্যবহার করা কর্ত্তব্য তাহা ষধা স্থানে বর্ণিত হইয়াছে। সাধারণতঃ। জল তুই প্রাকার—আন্ত-রীক্ষ ও ভৌম। ভৌম জল অপেকা আন্তরীক্ষজন অধিকগুণ-শালি, সেই আন্তরীক্ষজল চারি প্রকার। ধার (বৃষ্টির জল) কার (শীলের জল) তৌষার (শিশিরের জল) এবং হৈম (বয়ফের জল) ধার জল তুই প্রকার, গাঙ্গ (নির্দ্ধোষ) এবং সামূদ্র (সদোষ) সর্পল্তা (মাকড্সা) এবং অন্যান্য নানা প্রকার কীট মেঘের সহিত আকাশে বিচরণ করে, ভাছাদিগের বিষে দৃষিত যে জল বর্ষণ হয় ভাছার নাম नामूज, তব্জি নির্দোষ রুটির জল গান্ধ। সামৃত জল বর্ষাকালেই অধিক বৃষ্টি হয়, এ নিমিত বর্ষাকালে সাধারণ বৃষ্টির জল পান করাই जाहत्सरम निविद्ध बहेशारछ। कलाउः शतीका ना कतिशा कान अञ्चर

वृक्कित कल गुवहांत कता कर्खगु मटह। शतीका वर्षा,---भानि वाटनत (হৈমস্ত্রিক আমন ধান) অন্ধ রূপার পাতৃত্রে করিয়া ছুই দণ্ড বৃটিতে রাখিবে; বৃষ্টির জলে সিক্ত হইয়া যদি ঐ অন্ন বিবর্ণ, দ্রব অথবা ক্লির হয় তবে সামুদ্র জল, এবং অর পূর্ববিৎ প্রকৃতিস্থাকিলে গাঙ্গ জল বৃক্ত হইতেছে জানিবে। সামুদ্র জল কখনও ব্যবহার করিবে না। বৃক্তির সময় নির্মাল শুক্ল বর্ণ বস্তা বিস্তৃত করিয়া রাখিবে, ঐ বস্ত্র হইতে গলিত অথবা পরিষ্ঠ হর্ম্যাতল (দালার্মের ছাদ) হইতে পরিভ্রম, কিশ্বা অন্য প্রকার পবিত্র পাত্তে ধূত পরীক্ষিত নির্দোষ বৃষ্টির জল সূবর্ণ রজভ বা মৃথায় পাত্রে রাখিয়া সকল ঋতুতেই ঐ জল ব্যবহার করিবে। তাহার অভাবে ভৌম জল। ভৌম জল দ্বাদশ-विष, क्रिश, (कृरशंत कल) नारमंत्र, (निमीत कल) मात्रम, (विटलत कल) ভাড়াগ, (পদ্মাকর বিল) প্রাস্তবণ, (ঝর্ণার জল) ঔদ্ভিদ, (নিম্ন স্থান ছইতে স্বয়ং উপ্তিত জল) চেণ্ট্যি, (নদী প্রভৃতি জলাশয়ের নিকটে সদ্য কৃত ছোট পাত কুরার জল) বাপ্য, (পুকুরের জল) বৈকির, বোলুকাদি বিকিরণ করিয়া গৃহীত জলা কৈদার, (ক্ষেত্র স্থিত জল) পালুল, (কুদ্র বিলের জল) এবং সাযুদ্র জল।

অবিকৃত জলের লক্ষণ। স্বচ্চ্ন, লয়ু, অপিচ্চিল, শীতল, নির্গন্ধ, অব্যক্তরস, মুথপ্রিয়, মনের প্রাতিসম্পাদক এবং পাত মাত্রে পিপাসা নিবারক, দোষ-রহিত এবং যথোচিত গুণশালি; এই সকল চিচ্চের বিপরীত লক্ষণ লক্ষিত হইলে জল দৃষিত হইয়াছে জানিবে।

জলের দোষ। কাঁট, মূত্র, বিষ্ঠা, অণ্ড, শব কিম্বা অন্যান্য তুর্গম অথবা পচা দ্রব্য ও বিষকর্ত্তক দূষিত, কিম্বা পত্র, তৃণ প্রভৃতি দ্বারা কলুষিত বর্ষাকালের নৃতন জল, এবং শেওলা, কর্দ্দেন, তৃণ, পদ্মপত্র প্রভৃতি দ্বারা আছেন, স্থায়াও চন্দ্র কিরণ রহিত ও বায়ু কর্ভৃক অস্পৃষ্ট হইলে জল দূষিত হয়। এতদ্ভিত্তিক জলের দ্বোষ ছয় প্রকার—স্পর্শ দোষ, রূপ দোষ, রম দোষ, গম্ব দোষ, বীর্ষ দুবাই,

এবং বিপাক দোষ। খরতা, উঞ্চতা, পৈচ্ছিল্য এবং দম্ব্রাছিতা (দাঁত ধরা) স্পূর্শ দোষ। কর্দম, সিকতা (বালি) অথবা শৈবাল বর্ণতা কিয়া নানাবিধ বর্ণতা, বর্ণদোষ। মধুরাদি কোন প্রকার রস স্পান্ত অমুভূত হওয়া রস দোষ। কোন মন্দ গন্ধ থাকা গন্ধ দোষ। যে জল পান অথবা আনে ব্যবহৃত হইলে, পিপাসা, শরীরের গুরুতা, শূল এবং মুখ ও নাসিকা দ্বারা কফ্রুতার উৎপাদন করে, সেই জল বীর্ষ্য দোষে দূষিত জানিবে। যে জল পীত হইয়া অধিক সময়ে পাক পায় অথবা উদর স্ফাত এবং শূল উৎপাদন করে, সে জল বিপাক দোষে দূষিত। দূষিত জল পান কিয়া তাছাতে অবগাহন করিলে, শোথ, পাণ্ডু, অজীর্ণ, খাস, কাস, প্রতিশ্যায়, (শর্দ্দি) শূল, গুল্ম, উদররোগ, ও চর্ম্মগত নানাবিধ রোগ, এবং অন্যান্য নানাপ্রকার উৎকট রোগ শীন্তই উৎপন্ন হয়।

জল-সংস্কার। দূষিত জল, অগ্নি বা স্থান্থের উত্তাপে পাক করিবে, অথবা লোছপিও, মৃৎপিও কিম্বা বালুকা অগ্নিতে দক্ষ করিয়া অগ্নি-বর্ণ হইলে জলে নিঃক্ষেপ করিয়া রাখিয়া দিবে, জল শীতল হইলে পরীক্ষা করিয়া দেখিতে হইবে, দোঘের কোন চিহ্ন লক্ষিত হইলে যত বারে নির্দ্দোষ হয় তত বার উক্ত প্রকারে শোধন ক্রিতে হইবে, পরে পাতান্তরে রাখিয়া নাগকেশর, চম্পক, পাটল প্রভৃতি স্থান্ধি পুষ্পোর কোনপুষ্পা দিয়া বাসিত করিয়া স্থান পানাদিতে ব্যবহার করিবে।

জলের গুণ। গান্ধ নামক ধার জল লঘু, স্বান্ধ্য, শীতল, মুখপ্রির, প্রীতি ও তৃপ্তিজনক এবং বৃদ্ধি কারক। আকাশগুণ বহুল ভূমির জলও ধার জল সদৃশ্য গুণশালি, ঔষধাদিতে ধার জল অভাবে আকাশগুণবহুলভূমির জল ব্যবহৃত হইয়া থাকে। কারজল তৃপ্তি-কারক ও শিপাসা নিবারক। ভৌষার জল বায়ু, পিত্ত, কফ তিন দোব্দে প্রকোপ কারক। হৈম জল লঘু, কক্ষ, শীতল, বায়ু ব্রহ্মক, দাহ, তৃষ্ণা, বিমি, রক্তপিত্ত এবং উকল্বন্ত প্রভৃতি রোগ নাশক।
কৌপ জল লঘু, সকার (ঈবৎ ক্ষারগুণ বিশিষ্ট) কফ নাশক, এবং
পিত্ত অগ্নিবর্দ্ধক। সারস জল ঈবৎ ক্ষার-যুক্ত মধুর-রস, লঘু, বল
কারক ও পিপাসা নাশক। তাড়াগা জল মধুর ও ক্ষার রসবিশিষ্ট,
বিপাকে কটু (পীত হইলে জঠরাগ্রি কর্ত্ত্ক বিপাচিত হইয়া কটুতা
প্রাপ্ত হয়) এবং বায়ুবর্দ্ধক। প্রস্তবাজল লঘু অগ্নিবর্দ্ধক ও ক্ষ
নাশক। এই জল সকলপ্রাণির স্থপধা। উদ্ভিদ জল মধুর রস,
পিত্ত নিবারক। চৌত জল মধুর রস, কফের অবিরোধি, রুক্ষ ও অগ্নিবর্দ্ধক। বাপ্য জল সক্ষার (ঈবৎ ক্ষারগুণ বিশিষ্ট) কটু, পিত্ত
বর্দ্ধক, এবং অগ্নির দীপ্তি কারক। কৈদার এবং পালুল জল গুরু,
বিপাকে মধুর, বায়ু, পিত্ত, কফ, তিন দোষের বর্দ্ধক। সমুদ্রের জল
বিস্ত্র (অপক্র মাংস গদ্ধের সদৃশ্য চুর্গন্ধ বিশিষ্ট) লবণ রস, বায়ু, পিত্ত,
কফ তিন দোষের প্রস্তেম জনক।

জল পানের গুণ। আহারের অজীর্ণ অবস্থার জল পান করিলে, পীতজল ভুক্ত ক্রেরের পরিপাক জন্মার, জার্গবিস্থার পীত হইলে, বল রন্ধি করে, এবং আহার সময়ে জল পান করিলে আয়ু রন্ধি হয়। ভোজনের অব্যবহিত পরে ও অধিক রাত্রে জল পান করিলে শরীরের অপকার করে। কিন্তু অক্টি, শর্দি, উদর, ক্ষয়, মন্দায়ি, নেত্ররোগ, ত্রণ ও মধুমেহ এই সকল রোগে জল অপপ পান করিবে। আর মেঘশ্ন্য শেষ রাত্রে কিম্বা প্রভাবে প্রত্যহ, যে ব্যক্তি নাসিকা দারা জলপান করে, সে ব্যক্তির চক্ষু গড়ুরের ন্যায় অত্যন্ত তেজন্মী আর শরীর বলি, পলিতবিহীন হয় ও সকল রোগ হইতে মুক্ত হয়।

বায়ু। বায়ু দিক্ বিশেষ হইতে প্রবাহিত হইয়া বিশেষ গুণ-শালী হয়; কোন দিকের বায়ু উপকার, কোন দিকের বায়ু অপকার, এবং দুষিত বায়ু অত্যন্ত অনিষ্ট সম্পাদন করে। সংব্রান হইয়া চলিতে পারিলে কোন অনিষ্টের আশকা থাকে না; কিন্তু বায়ুর দোষ গুণ অপরিজ্ঞাত হইলে সাবধান হওয়া অসম্ভব, এই নিমিত্ত উহার গুণ দোষ ও দূষিত অবস্থা কথিত হইতেছে।

বায়ুর গুণ। পূর্ব দিকের বায়ু গুৰু, মধুর, অগ্নিমান্য কারক, ভগু উৎপিষ্ট এবং ক্ষতাদি স্থানে, দাহ, শোথ ও রক্ত বর্ণতা উৎ-পাদন করে। স্থাদ, অর্শ, ক্রিমি, সন্নিপাত, জ্বর, বিষরোগ, চর্ম্ম-রোগ ও আমবাভরোগের বৃদ্ধি কারক। জল ও ওয়বি সমূহের গুরুত্ব বিরসভা ও উঞ্ভা কারক। দক্ষিণ বারু লঘু, ঈষৎ ক্যার রস মিশ্রিত মধুররদ, শরীরস্থিত বায়ুব অবিরোধী, অমু পাকজনক, চক্ষুর হিত-কারক, বল-বর্দ্ধক, গণ্ডুপদ (কেছুরা) প্রভৃতি কাট উৎপাদক, রক্তপিক্ত পশ্চিম বারু লঘু, কষায়রস রোগনিবারক এবং শদ্য নাশক। বিশিষ্ট, বিশদ, বল, পুঞ্চি, কচি, অগ্নি ও আরোগ্য জনক, স্বর, বর্ণ ও চর্মের প্রসন্নতা কারক, ক্ষত স্থানের পূরণকারক, শোখ, দাহ ও তৃষ্ণা নিবারক, জলের লঘুত্ব বৈশদ্য শীতলতা ও নির্মানতা কারক এবং দ্রব্য সমূহের রস, বীর্যা ও প্রভাব জনক। উত্তর বায়ু ঈষৎ ক্ষায়-মিশ্রিতমধুররদ, মৃদ্, স্লিঞ্চ, এবং অতি শীতল, বায়ু, ণিক্ত, ককের প্রকোপজনক, দাহ ও পিপাদা নিবারক, এবং ক্ষীণ, ক্ষত ও বিষরোগগ্রস্ত ব্যক্তিগণের হিত কারক। একদা সকল দিক ছইতে প্রবাহিত বায়ু, বায়ুপিত্তকক তিন দোষের প্রকোপ-জনক এবং আয়ুং– ক্ষয় কারক।

বারুর দোষ। যে ঋতুতে যে দিক হইতে বারু প্রবাহিত হইরা থাকে, তাহার বিপরীত দিক হইতে প্রবাহিত, অতি কক্ষ, অতি উক্ষ, অতি শীতল, অতি পক্ষ, অতিশয় অভিযানী (শরীরের ক্লেদ ও কক্ষ জনক) অত্যন্ত ভয়স্কর শন্মযুক্ত, তুর্গন্ত-বিশিষ্ট প্রস্পার প্রতিহতত-গতি অথবা অত্যন্ত কুওলী বারু দূষিত হইরাছে জানিবে, এবং বাম্প-বিক্তা, ধূলি কিয়া ধুম দারা আহত হইলেও বারু দ্বিত হয়। স্কভা- ষ্ঠিঃ অনিষ্ট কারক পূর্মবায়, ও অপরকোন দূষিত বায় প্রবাহিত হইলে শরীরআবরণ পূর্মক আর্তস্থানে অবস্থিতি করা কর্ত্তব্য, বাহিরে যাইতে হইলে বস্তুদারা শরীর উত্তমরূপে আচ্ছাদিত করিয়া যাইবে।

বিবাহ প্রকরণ—পঞ্চবিংশতি বর্ষের ল্যানবয়ক্ষ পুরুষের সং-দর্গে অপ্রাপ্তযোড়শবর্ষা জ্রীর গর্ভ হইলে প্রায়ই মৃত সন্তান প্রস্তুত হয়, জীবিতাবস্থায় প্রস্তুত হইলেও প্রায় দীর্ঘজীবী হয় না, যদিও হয়, কিন্তু তাহার শরীর ও ইন্দ্রিগণ কথন সমাক্ বলশালী হয় না ! বিবাহের প্রধান উদ্দেশ্যই সন্তান উৎপাদন করা এবং দেই সন্তান ब्लिक नीरतारी उ मीर्चकोवी इह रेसरे मानातरात जांकि उ मार-সারিক এবং পারলোকিক সুখের মূল কারণ। কিন্তু পরিপক্ত শুক্র ও শোণিতের সংযোগ ব্যভাত বলবান্ নীরোগী এবং দীর্ঘজীবী मञ्जान कथनहे मञ्जद ना धनर जन्म नग्नदम की ए। मक हरेल खी. পুৰুষ উভয়কেই ক্ষীণ ধাতু, তুৰ্মল ও চিরকগ্ন হইরা কালাভিপাত করিতে হয়। অভএব সাধারণতঃ পঞ্চবিংশতি বর্ধের অন্যুন এবং উনচত্বারিংশ্ বংসারের জানধিকবরক্ষ পুক্ষের ষোড়শবংসর বয়ক্ষা কন্যার পাণিগ্রছণ করা কর্ত্তব্য। পূর্বের আর্য্য সনাজে বাল্যবিবাছ প্রায় প্রচলিত ছিলনা তৎকালীন মনুষ্যাগণ বিশেষ বলবান্ এবং দীর্ঘজীবী ছিলেন, অধুনা স্বাস্থ্যভঙ্গের অনেক কারণ ঘটিয়াছে কিয়ু বাল্যবিবাহ যে তন্মধ্যে একটা অভিপ্রধানকারণ ইহা শরীর তন্ত্রিৎ ব্যক্তিমাত্তেই স্বীকার করিবেন। সংপ্রতি আমাদের সমাজের ফেরুপ অবস্থা ভাষাতে বিবাহ প্রকরণের লিখিত বয়ংপরিষাণ দেখিয়া অনেকেই এই বিধিটী কে ধর্ম বিহিতৃত বলিয়া মনে করিতে পারেন এ নিমিত্ত এই বিধির মূল, সুভাতের ৰচন এবং ইছার অনুকূল মনুৰচন र्छक् उह्हेन।

केनरवाज्ञभवर्षात्रा मश्रीशः शक्षविः मंहिर ।

বদ্যাধন্তে পুমান্ গর্ভং কুক্ষিত্ব: স বিপদ্যতে ॥
ভাতোৰা ন চিবং জীবেং জীবে ছা ছুর্নলেন্দ্রিয়: ।
তত্মানত্যস্তবালায়াং গর্ভাধানং ন কারয়েং ॥
ইতি স্কুশ্রুতে সূত্র স্থানম্ ।

ত্রীণি বর্ষাণ্যদীক্ষ্যেত কুমার্যতু মতী সভী । ইতি মনু: ।
(কাহারও মতে বিংশতিবর্ষ পুরুষের ত্রয়োদশ বংসর বয়ক্ষা
কন্যার পাণি গ্রাহণ বিধেয়)।

खीमश्मर्ग विषयक निरम-अधिकसूत्रज्ञानवी मनूषा काम, श्राम, পাণ্ডু, জ্বর, রাজযক্ষ্মা ও উপদংশ প্রভৃতি নানাবিধ উৎকট রোগে আক্রান্ত হইয়া অকালে মৃত্যুমুখে নিপতিত হয়। একবার সুরতদেবী মমুষ্য অধিককাল রতিক্রীড়ায় বিরত হইলে প্রামেহ অগ্নিমান্দ্য এত্তি-রোগ এবং মেদোরোগ উৎপন্ন হয়। প্রথম হইতে রতিক্রীভার বিরত থাকিলে শরীর যথোচিত বল ও বর্ণান্থিত, পুষ্ট এবং দৃত হইয়া দীর্ঘকাল স্থায়ি হয় এবং কথন জয়াগ্রস্ত হইতে হয় না। কিন্তু ইন্দ্রিয়ের অভিরিক্তব্যবহার ও সম্পূর্ণনিএই উভয়ই তত্তৎ ইন্দ্রিয়ের তুর্বলতাকারক। সাধারণত: তিন তিন দিবস পরে এক এক দিন ন্ত্রীসংসর্গ করা বিষেয়; গ্রীম্মকালে পঞ্চদশ দিবস অন্তর এবং বর্গা-কালে একমাস অস্তুর রভিক্রীড়া করা কর্ত্তব্য । অক্ষুধিত, অপিপাসিত, অশ্রান্ত, মলমূত্রেরবেগরহিত নীরোগী পুরুষ, পবিত্র এবং পরিষ্কৃত মনোজ্ঞ পরিচ্ছদ ধারণ পুর্বেক হাউচিত্ত ছইয়া উপযুক্ত রূপ, গুণ, কুল, শীল ও গ্ৰেচিড বয়:ক্ৰম সম্পন্না, স্বাতা, অলক্ষ্তা, সুখশব্যা-শায়িতা, ইন্থাবতী, অনুরক্তা সন্তুটা কামিনীর সংসর্গ করিবে। রভা**ত্তে** স্থান শর্করামিশ্রিভচুষ্ণ<mark>ান কিয়া নিজাও শর্ক</mark>রামিশ্রিভ স্থ্যাচু-দ্রব্য ভোজন করা কর্ত্ব্য। নিষিশ্ধ জ্ঞী-রজম্বলা, গর্ভিণী, বন্ধ্রা, রোগিণী, বর্ণজ্যেষ্ঠা, বয়োজ্যেষ্ঠা, রুদ্ধা, অঙ্গহীনা, অসতী, বেশ্যা, ভিক্কী, কুৰিতা, পিপাদিতা, অভিভুক্তৰতী, মলাদিৰেগণীড়িতা,

मिलना, जकामा, जनार्युक्यां जिलायिनी, जायोगा धवः जनसूतका खीत मश्मर्ग कता विद्यय नहरू।

নিবিদ্ধ সময় ও স্থান। দিবাভাগে, সন্ত্যাকালে, জনসমীপে এবং শমনপ্রকরণেরবর্ণিত নিবিদ্ধান্থানে ও বিনাশয্যায় স্ত্রীসংসর্গ করিলে আয়ু ও বল কয় এবং প্রমেহাদি নানাবিধরোগ উংপন্ন হয়। এক রাত্তিতে একবারের অধিক রভিক্রীড়া করিলে শ্রীরের তুর্বলতা এবং ধাতুবৈষম্যজন্য নানাপ্রকার্যোগ জন্মে।

माधारंग निधि। प्रथरे मकत्नत अकी है कि हु धर्मा ग्रुष्टीन गुडी उ কোনকালে স্থারি মুখ হয় না, অতএব ব্যক্তি মাত্রেরই কায়মনোবাক্যে °ধর্মানুষ্ঠান করা কর্ত্তব্য। অধর্মই চুঃধের কারণ অভএব চুঃখ পরিছারের हेक्टा कतिए इहेटन व्यास व्यक्ष इहेए निश्व इहेए इहेटन। नामा-রণতঃ মনুষ্যমাত্রের বর্ম, অর্থ, কাম এবং মোক্ষ এই চ্চুর্নির অভীষ্ট ় শরীরের স্কুস্তা এই সকল অভাউলাভের সর্মপ্রধান উপায়, অতএব ঐ চতুর্বিধ অভীষ্টের যে কোন অভীষ্ট ফল ইন্তৃক হইলে, তাহাকে স্বাস্থ্য-রক্ষার প্রতি বিশেষ মনোধোগী ছওয়া কর্ত্তব্য। যে কর্মে সর্ববশরার কিয়া অঙ্গবিশেষ অথবামন স্মত্যন্ত ক্লিট হয়, কখন সে প্রকার কর্মের অনুষ্ঠান করিবে না। সর্বদা অভিরিক্ত কায়িকপরিশ্রন করিলে মন ক্রমে জড়তাপ্রাপ্ত হয়, এবং শরীরের অপচয় হইতে থাকে। দেই প্রকার সর্বদ। মানসিক পরিপ্রাম করিলে শর্মীর দিন দিন ক্লশ ও নিজেজ হয়, শরীর তেজোহান ও ক্লশ হইলে, मुख्तार मन् पूर्वन इर, मन पूर्वन इरेल महमा तृष्टि जर्म छेर भापन করে, সর্বদা মানসিক বা কায়িক পরিপ্রায় উভরই অনিষ্ট কাক এবং একেবারে উভয়বিধ পরিজ্ঞান পরিত্যাগ করিলে, মন অভিদার স্থুল হইয়া সুক্ষবিষয় গ্রাহণে অসমর্থ হয়, শরীর ও, বাত এবং অর্শ প্রভৃতি নানাবিধ ভরানক রোগে আক্রান্ত হইরা অকর্মণ্য হইয়া পড়ে; অভএব নিয়মিভরূপে শরীরের বলাদি বিবেচনা কুরিয়া

শারীরিক পরিশ্রম এবং বনের উপযুক্ত যানসিক পরিশ্রম করা শরীরি-মাত্রেরই কর্ত্তব্য। মনের বিরক্তি অর্থবা ভীত্তি কিম্বা শোকজনক বিষয়ের চিন্তা বত্নপূর্ত্তক পরিভাগ করিবে এবং পুন: পুন: এক বিষ-রের চিন্তা ও যে বিষয়ে বুদ্ধি কিঞ্মাত্তেও প্রবিষ্ট না হয়, সে বিষয়ের চিন্তা হুইতে বিরত হুইবে। এই প্রকার চক্ষু প্রভৃতি সমুদর ইন্দ্রিয়-क्टि উद्विशकनक व्यक्षित्र निक निक विषय हरेट मर्सना तका ক্রিবে। বক্রভাবে অধিক কাল দণ্ডায়মান উপবেশন ও শয়ন মুখ যেলিয়া হাস্থা, হাঁটী ও হাই তুলিবে না, মন্তকে করিয়া ভার বছন করিবে না ; সম্ভরণ করিয়া নদী পারে কিম্বা অধিক मृत्त भगन कतित ना। मृत, विष्ठा, एक, वायू, वमन, घाँठी, छेला।त, ছাই, কুৰা, শিপাসা, নেত্ৰজল, নিজা ও শ্ৰমজন্য নিঃখাসের বেগ ধারণ করিবে না। মূত্রাদির বৈগধারণ করিলে, নানাবিধ রোগ উৎপন্ন হইয়া স্বাস্থ্যের ব্যাহাত করে। যথা, প্রস্রাবের বেগ ধারণ করিলে বস্তি-चान ७ लिटक भून, भितः भीड़ा, वश्कन चारन वस्न कनारवननामम्भ বেদনা উৎপন্ন হয় এবং এই বেদনার ক্লেনে দোজা হইয়া দাড়ান যায় না। সমুখে ছুলিয়া দাড়াইতে হয় এবং প্রস্রাবের সময় অত্যন্ত-কফ উপস্থিত হয়। আর ঐ প্রাক্তাবের বর্ণ পাটলবর্ণ হয়, এবং শুরকির ও জ্বেন ন্যায় নীচে জমিরা যায়। বিষ্ঠারবেগ ধারণ করিলে, উদরে গুড়ুগুড়ু শব্দ এবং শূল, মলদারে ছেদনসদৃশ যন্ত্রণা, মলরোধ, মস্তকে বেদনা এবং অধোগমনশীল বায়ু বিলোম হইয়া উর্ক্ষে উন্থিত হয়; ও মল বদ্ধ হইয়া অধিক কাল থাকিলে বমন বেগে মুখছায়া মল নিঃসৃত হয়। অবঃপ্রারুত শুক্রের বেগ বিহত হইলে, মূত্রাশয়ে (বক্তিস্থান) মলদ্বারে ও কোষে শোগ এবং বেদনা, মূত্ররোধ শুক্র-করণ ও ওজ্জন্য কার্শ্য প্রভৃতি নানাবিধ কটদায়ক রোগ উৎপন্ন হয় ও হৃদয়ে বেদনা এবং শুক্রকরণ না হইলে শুক্রজন্য অশারী ·(পাপুরী) রোগ জন্ম। অবংপ্রবৃত বায়ুর বেগ ধারণ করিলে—বায়ু,

मृत ७ मनरत्रांभः, উদরশ্ফীতি এবং भূল তোদ (স্থ চিকা বিশ্ব তুল্য বেদনা) ভেদ (শলাকাদি ছারা বিদারণ সদৃশ যন্ত্রণা) প্রভৃতি নানা রোগ জন্মে। ব্যন বেগ ধারণ করিলে, ছল্লাস (বিদির বেগ হয় অর্থচ বমি হর না) অফ্চি, জুর, শোখ, পাওুরোগ, কণ্ডু (চুলকনা) कार्छ-(भहीरत कनकान ग्रहा छेरशज्ञ अभीख विनामभीन तकवर्ग চক্রাকার চিহ্ন) ব্যঙ্গ-(মুখজাড নীলিম চিহ্ন) বীসর্প ইত্যাদি রোগ উৎপন্ন হয় আর উক্ত সময় কোন দ্রব্য গিলিলে স্থালা ও रामना विशेष वमरनाष्ट्री इत अवः शामा श्रीप्र छेमतम् इत ना। হাঁচীরবেগ প্রতিহত হইলে, গলদেশের পশ্চান্তাগে লম্মান শিরো-ধারক শিরাছয়ের শুস্তু, শির:শূল, মস্তুকের অর্দ্ধভাগে বেদনা এবং অর্দ্ধিত (এক চক্ষু ও মুখের এক দিক্ বাঁকিয়া যাওয়া) উৎপন্ন উদ্যারের বেগ নিবারণ করিলে, কণ্ঠদেশ এবং মুখ বায়ুপুর্ণ ও অভ্যন্ত বেদনা, বায়ুরোম, কুজন (কণ্ঠদেশে পায়রারশক সদৃশ শব্দ) অফচি, খাস, এবং বায়ুদ্দন্য হিকা প্রভৃতি নানাবিধ ভয়ানক রোগ উপস্থিত হয়। জ্ম্ভণ (হাই) বেগ ধারণ করিলে, হস্তাদি-কম্পান, গলদেশের পশ্চাদ্ভাগস্থ শিরোধারক শিরাদ্বয় ও গলদেশ স্তস্তিত হয়, সায়ুজন্য নানাবিধ অতি গ্রংখদায়ক শিরোরোগ, কর্ণরোগ, নেত্রবোগ, নাসারোগ এবং মুখরোগ উংপদ্ধ হয়। ক্ষুধার সময়ে আহার না করিলে, জঠরাটি বায়ুদারা আচ্ছন হয়, সুতরাং তং-কালে আছার করিলে ভুক্তঅন্ন অতি কটে পরিপাক পার, এবং তন্দ্রা, অন্ধ্যর্দ্ধ, অঞ্চি, অভিষাতজুর, শরীরশোষণ ও বিনাকারণে শ্রেষবোধ এবং দর্শনিশক্তির লঘুতা জন্মে। পিপাদার সময়ে জলপান না করিলে, মূত্রকৃচ্ছ্, গলদেশ ও মুখ শুক্ত হয় এবং প্রবর্ণশক্তির হ্রাস ও বক্ষঃস্থলে বেদনা উৎপন্ন হয়। আনন্দ জন্যই হউক বা শোকজই ছউক নেত্রমার্গ হইতে প্রায়ুক্ত জলবেগ ধারণ করিলে মস্তকের গুরুতা, অভিষ্যন্দ প্রভৃতি নেত্রহোগ এবং পীনস (শর্কি) রোগ উৎপন্ধ হয়।

নিদ্রার বেগ প্রতিষ্ঠ ষ্টলে জ্ব্তা অক্সর্দ (শরীর মোড়া মুড়ি) চক্ষুণ ও মন্তকের অভ্যন্ত গুৰুতা ও চকের পাতা কোলা এবং তন্দ্রাউপস্থিত হয়। পরিশ্রমজন্য প্রায়ুত্ত উচ্ছাসের বেগ ধারণ করিলে
মুচ্ছা, গুলা এবং হাদোগ উৎপন্ন হয়। এই নিমিত্ত ব্যক্তি মাত্রেই
উক্ত বেগ সকল কখনও ধারণ করিবে না।

একশত এক প্রকার মৃত্যু, তন্মধ্যে এক প্রকার মৃত্যু কাল ক্ষত,
অপর একশত প্রকার মৃত্যু আগস্কু অর্থাৎ অনবধানতা বা পাপজনিত
রোগাদি কর্ত্ত্বক সংঘটিত হয়। পাপ কার্য্যে বিরক্ত হইরা যথাবিধি
নিয়মে চলিতে পারিলে এক শত প্রকার আগস্তুক মৃত্যুর হন্ত হইতে
দেহ রক্ষা করা যাইতে পারে; কিন্তু কালক্ষত মৃত্যু অবশ্যুই হইবে।

আয়ুর্কেদ বিহিত যে সকল নিয়ম কথিত হইল ঐ সকল নিয়মান্দ্রারে আহার বিহারাদি অনুষ্ঠিত হইলে, শরীর নীরোগ হইয়া এক-শত বৎসরেও অধিক স্থারী হয় এবং মন সর্বাদা প্রসন্ন থাকে; আর ঐ নিয়মাবলির কিয়দংশ প্রতিপালিত হইলে অপেক্ষাকৃত স্থাকা যাইতে পারে। পূর্বতন আর্য্যাণ আয়ুর্বেদবিহিত নিয়ম সমূহ, যথা বিহিত প্রতিপালন করিয়া যথোচিত বলবিক্রমশালী, নীরোগী ও দীর্ঘন্ধীবী ছিলেন। অধুনাতন আর্যান্ধান্যাণ তাঁহাদিশের পূর্বেপুক্ষণাণের অতিসমাদরে প্রতিপালিত আয়ুর্বেদীয় বিধিসমূহের প্রতি যত অনাস্থা প্রদর্শন করিতেছেন, ততই পূর্ববিত্তিগণের বল, বিক্রম, স্থাস্থ্য এবং দীর্ঘন্ধীবিভার বঞ্চিত হইয়া ভীক, ত্র্বল এবং ক্র্যান্ধীরে থাকিয়া নিভান্ধঅকালে কালগ্রানে নিপতিত হইডেছেন।

ঋতু বিবরণ।

বংসর ছয় ঋতুতেবিভক্ত, হেমন্ত, শিশির, বসন্ত, গ্রীষ্ম, বর্ষা এবং শরৎ; ভন্মধ্যে অগ্রহায়ণ ও পেষি হেমন্ত, মাঘ ও কালণ্ডন শিশির, চৈত্ৰ ও বৈশাখ বসন্তু, জৈচি ও আঘাঢ় গ্ৰীষ্ম, প্ৰাৰণ ও ভাদ্ৰ বৰ্ষা, এবং আস্থিন ও কার্ত্তিক শরং। শিশির বসন্ত গ্রীমা এই তিন ঋতুতে হুর্য্য উত্তর্গদকে সরিয়া অয়ন (গমন) করেন এ নিমিন্ত শিশিরাদি ঋতুত্রর ব্যাপক কালের নাম উত্তরারন; এবং প্রথরকরদারা পৃথিবীর জ্লীয় অংশ আদান (গ্রাহণ) করেন বলিয়া উহার অপর নাম আদান কাল। বর্ষা শরৎ হেমন্ত তিন ঋতুতে দক্ষিণে সরিয়া গমন করেন বলিয়া বর্যাদি ঋতুত্রর ব্যাপক কালের নাম দক্ষিণায়ন এবং বৃষ্টি ও শিশিরাদি দ্বারা অধিকজল বিসৃষ্ট হয় এ নিমিত্ত দক্ষিণায়নের নামা-স্তুর বিসর্গকাল। আদান কালে মনুষ্যগণ ক্রমে হুর্বল এবং বিসর্গ-कारन करम मरन इय, अञ्जब आमानकारनत अस जीय ও विमर्ग-কালের আদি বর্ষা এই হুই ঋতুতে মনুষ্যবর্ষের শারীর দ্রন্ধল, আদা-নের মধ্য বদস্ত ও বিসর্গকালের মধ্যবর্ত্তি শরৎ ঋতুতে মধ্যমবল এবং আদানের প্রথম ঋতু শিশির ও বিদর্গকালের অন্ত হেমন্ত-ঋতুতে উত্তম বলশালী থাকে। যে ঋতুতে যে প্রকার আহারাদি করিলে সুস্থারীরে পাকিয়া কালাতিপাত করা যায় তাহা ক্রমে বর্ণন করা যাইতেছে এবং ষাহা পরিত্যাজ্য তাহাও কথিত হইবে।

হেমন্ত্রহাণ। হেমন্তকালের সুশীতল সমীরণ স্পর্শে সুস্থারীরী লবল মানবগণের জঠরাগ্নি গুরুপাক ও অধিকমাত্রার দ্রুগ্য পরিপাক করিতে সমর্থ হয়, ঐ প্রদীপ্ত জঠরাগ্নি উপযুক্ত পচনীয় দ্রুগা না পাইলে শরীরস্থ জলীর ধাতু শোষণ করে; জলীয় ধাতুর শোষণ, হেছুক বায়ু প্রকুপিত হয়, এবং শিশির স্পর্শে শ্লেষা ক্রমে শ্রুকিড ছইতে থাকে। অভএৰ মাহাতে বায়ু প্রকৃতিত্ব থাকে এবং শ্লেকা সঞ্জ না হয় এরূপ আহারাদি করিতে হইবে, এবং বায়ুর প্রকোপ जनक ও ककवर्षक सन्तानि शतिजाग कतिर । উक्त अ वाहातानित বিষয় ক্রেমে বর্ণন করিতেছি; যথা অমু ও লবণরস্বিশিষ্ট স্লিঞ্জ-জব্য, করুপ প্রভৃতি জলচর জয়ু, শজাক প্রভৃতি বিলেশয় জয়ৣর-মাংস এবং শ্যেন, কোরাল প্রভৃতি প্রসহ জাতীয় পক্ষীর মাংস, চুগ্ধ, দৰি, মৃত, বসা, তৈল, মৃতন তণ্ডুলের আন্ধ এবং ইক্ষুরস ও উঞ্জল পান করিবে; শারীরিক পরিশ্রম ও সমানবলশালী যুদ্ধনিপুণ যোদ্ধ পুরুষের সহিত মল যুদ্ধ করিবে। কষায় (কাথ স্বরস প্রভৃতি) দারা সংক্ষত ভৈল মৰ্দন পূৰ্বক বৰ্ণাবিধি স্থান করিবে। ব্যাত্র প্রভৃতি জন্তুর পবিত্র চর্মা, কমল প্রভৃতি রোমজাত গুরুবন্ত্র, কোষকারকীট (তুত পোকা) কৃত সূত্র নির্দ্মিত তসর গরদ প্রভৃতি উষ্ণ বস্ত্র অথবা কার্পাস হত্ত নির্মিত স্থল বস্ত দারা আজীর্ণ, অখাদিযানে, আসনে এবং শ্ব্যায় আরোহন উপবেশন ও শয়ন করা বিধেয়। শীতল ও বাত বৰ্দ্ধক লঘু অন্ন পান, এবং জলম্বারা ক্লত মন্থ (দ্রব দ্রব্য দ্বারা আলোড়িত খরী ও যব প্রভৃতির চূর্ণ) ও পুর্ব্বদিকের বায়ু পরিত্যাগ করিবে; কিন্তু দুধাদিদেবদেব্য ছারা ক্বত মন্থ আহার করিতে পারিবে।

শিশির চর্য্যা। হেমস্ত ও শিশির উভয়ঋতুই তুলাগুণবিশিক্ট, অভএব শিশিরকালে ও হেমস্তবিহিত আহার বিহারাদি সেবা এবং তৎকালনিষিদ্ধ দ্রব্যাদির পরিত্যাগ করা বিবের। অধিকন্তু শিশির ঋতুঁ আদানকালের অন্তর্গত এনিমিত্ত হেমস্ত অপেক্ষা কক্ষ এবং মেঘ বায়ু ও বৃষ্টি হেতুক ক্ষাধিকশীতল এজন্য কটু, তিক্ত ক্যায় রস বিশিষ্ট অন্ন পান পরিভ্যাগ ও হেমস্তকালবিহিত বাসগৃহ অপেক্ষা অধিকউষগৃহে বাস করা কর্ত্তব্য এবং মেদোযুক্ত ও ভৈলাক্ত দ্বব্য ব্যবহার, করা উচিত।

বসপ্তচর্য্যা। হেমন্তকালে প্রার সকল মনুষ্যেরই কফ সঞ্চিত হইয়া খাকে, ঐ সঞ্চিতশ্লেষ্মা বসন্তুকালীন-সূর্য্যের প্রথর্কিরণে প্রকূপিত रहेशा कठेशनलात मन्ना मन्यानन शूर्जक नानाविश्रतारगार थानन করে, এনিমিত্ত বসস্তকালে ব্যবপ্রভৃতি সংশোধন কর্ম দ্বারা শ্লেম্বার প্রতীকার করা বিধেয় ৷ থাহাদিগের দক্ষিত ককের দোন দুর্ফ হয়, ভাষাদিশেরই ব্যন্দি সংশোধন কর্ম করিতে হইবে, আর বাহারা উপযুক্ত আহারাদি করিয়াছে তজ্জন্য কফ সঞ্চিত হয় নাই তাহাদিগের সংশোষনের আশ্রয় গ্রহণ করিতে হইবে না৷ এবং সিঞ্চ, গুৰু, স্থাত, অস্লা, মধুরদ্রব্যা, ও দিবানিজা পরিত্যাগ করা কর্ত্তব্য । (ত্রীষ্ম ভিন্ন সকল শ্বতুতেই দিবা নিজা নিষিদ্ধ হইয়াছে, কিন্তু অন্য শ্বতু অপেক্ষা কফের প্রকোপজনকবসন্তকালে কফজনকদিবানিদ্রা অধিক জনিটকারক এনিষিত্ত পুনবরার নিষেধ করা হইল) ব্যায়ায়, শ্লেষানাশকদেব্য দ্বারা শরীর মর্দ্দন ও কবল আহণ (কুল কুচ) ধুমপান, অভ্যাস করিতে হইবে। যব, ছ্রা, গোগুল, ও মৃগ, শরভ, থর-গোশ প্রভৃতি পশুরমাংস এবং লাব ও চাতক পক্ষিরমাৎস আর নিম্ব ভোজন করিবে। চন্দন ও অগুরু দারা শ্রীর লেপন এবং পরিশ্রম ও ভ্রমণ করিবে।

প্রবির স্বেহভাগ আকর্ষণ পূর্মক প্রবিকৈ উষ্ণ ও কক্ষ করেন প্রবির ক্ষেত্রগা আকর্ষণ পূর্মক প্রবিকৈ উষ্ণ ও কক্ষ করেন এনিমিজ গ্রীক্ষালৈ স্বান্ধ স্থাতল স্থিম ও দ্রবজন পান হিত্রকারক; শর্করামিজিত স্থাতিল মন্থ (দ্রবদ্রব্য ছারা আলোড়িত ছাতু) জঙ্গলবাদি পশু ও পক্ষির মাংস, হুমা, স্থাত, এবং শালি প্রভৃতি লয়ধান্যের (হৈমন্ত্রিক ধান্য) অর আহার করিবে। লবণ, অমু, কটু এবং উষ্ণদ্রব্য সেবন ও উপবাস করিবে না, অত্যাপ্প পরিশ্রম করা বিধের। শরীরে চন্দন লেপন করিয়া দিবাভাগে স্থাতিল গৃহে অ্বং

রজনীযোগে চন্দ্রকিরনের স্থাতল-প্রবাত-হর্ম্যতলে শরন করিরা নির্মা উপভোগ করিবে। চন্দ্রনিপ্রিত জল সিক্ত ব্যক্তনের স্থাতিল বায়ু নিরস্তর সেবন করত স্থাবে উপবেশন,স্থাতিল জলে অবগাহন, শীতবারিপান, শীতল স্থায়ি পুলোর আন্তান এবং স্থাতিল কাননে বাস ওবিচরণ করিবে।

